কার্যালয়

# মোহনপুর ইউনিয়ন পরিষদ

উপজেলা : সুনামগঞ্জ, জেলা : সুনামগঞ্জ।

৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদের ফেব্রুয়ারী /২০২০ খ্রি: মাসের সভার কার্যবিবরণী :

সভার সভাপতি : জনাব মো: নুরুল হক, চেয়ারম্যান, ৮নং মোহনপুর ইউনিয়ন পরিষদ, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

সভার তারিখ : ১২-০২-২০২০ খ্রিঃ রোজ : সোমবার সময় : সাকল ১০.০০ ঘটিকা

সভার স্থান : অস্থায়ী কার্যালয়, জয়নগর বাজার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

ইউপি সভায় উপস্থিত সদস্যগনের নাম :

| ক্র: নং | উপস্থিত সদস্যগনের নাম | পদবী | ওয়ার্ড নং | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মো: নুরুল হক | চেয়ারম্যান | ১-৯ | স্বাক্ষরিত |
| ০২ | বেগম সন্ধ্যা রাণী দেব | সংরক্ষিতমহিলা | ১.২.৩ | স্বাক্ষরিত |
| ০৩ | বেগম স্বপ্না বেগম | সংরক্ষিত মহিলা | ৪.৫.৬ | স্বাক্ষরিত |
| ০৪ | বেগম মোছা: আছিয়া খাতুন | সংরক্ষিত মহিলা | ৭.৮.৯ | স্বাক্ষরিত |
| ০৫ | জনাব মো: তৈয়বুর রহমান | সাধারণ সদস্য | ১নং | স্বাক্ষরিত |
| ০৬ | জনাব মো: ইকবাল হোসেন | সাধারণ সদস্য | ২নং | স্বাক্ষরিত |
| ০৭ | জনাব মামুন রশিদ সেলিম | সাধারণ সদস্য | ৩নং | স্বাক্ষরিত |
| ০৮ | জনাব মো: শামছুন নূর | সাধারণ সদস্য | ৪নং | স্বাক্ষরিত |
| ০৯ | জনাব মো: রইছ মিয়া | সাধারণ সদস্য | ৫নং | স্বাক্ষরিত |
| ১০ | জনাব মো: বাবুল মিয়া | সাধারণ সদস্য | ৬নং | স্বাক্ষরিত |
| ১১ | জনাব মো: নুরুল ইসলাম | সাধারণ সদস্য | ৭ নং | স্বাক্ষরিত |
| ১২ | জনাব মো: আব্দুস ছোবান | সাধারণ সদস্য | ৮নং | স্বাক্ষরিত |
| ১৩ | জনাব মো: আজিম উদ্দিন | সাধারণ সদস্য | ৯নং | স্বাক্ষরিত |

আলোচ্যসূচী:

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২। ২০১৮-২০১৯ অর্থ বছরের এলজিএসপি প্রকল্প পরিবর্তন প্রসঙ্গে আলোচনা।

৩। ইউ/পি রাজস্ব আয়ের বিপরীতে প্রকল্প গ্রহণ প্রসঙ্গে আলোচনা।

৪। কর্মসৃজন, টি আর, কাবিখা প্রকল্প অনুমোদন প্রসঙ্গে।

৫। বিবিধ।

| ক্র: নং | বিবরণ | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১ | অদ্যকার সভার সভাপতি উপস্থিত সদস্যগণকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়করণ করা হয়। | বিগত সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। | |
| ২ | সভাপতি জানান যে, অত্র ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রস্তাবিত ২০১৮-২০১৯ অর্থ বছরের এলজিএসপি-৩ প্রকল্পসমূহ বাস্তবায়নের জন্য বিজিসিসি সভায় ইতোমধ্যে অনুমোদীত হয়েছে যা চলমান আছে। উল্লেখ্য যে, বিগত বন্যায় ক্ষতিগ্রস্থ হওয়া একটি রাস্তায় জনস্বার্থে জরুরীভিত্তিতে একটি কালভার্ট নির্মাণ করা প্রয়োজন। তাই বিগত ২৫/০৭/২০১৯ তারিখের বিজিসিসি সভায় অনুমোদীত "ভৈষবেড় সরকারী প্রাথমিক বিদ্যালয়ে বাগানকরণ" নামীয় ০৪ নং প্রকল্প এবং "২০১৯ সালের বার্ষিক ওয়ার্ডসভা অনুষ্ঠান" নামীয় ১২ নং প্রকল্পটি পরিবর্তন করে ০৪ নং ওয়ার্ডের "মোহনপুর গ্রামের ফকিরের বাড়ীর দক্ষিণে একটি কালভার্ট নির্মাণ" প্রকল্পটি বাস্তবায়ন করা জরুরী। | ০৪ নং ওয়ার্ডের "মোহনপুর গ্রামের ফকিরের বাড়ীর দক্ষিণে একটি কালভার্ট নির্মাণ" প্রকল্পটি বাস্ববায়ন করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ওয়ার্ড কমিটি, ০৪ নং ওয়ার্ড, মোহনপুর ইউপি, সদর, সুনামগঞ্জ। |
| ৩ | সভাপতি জানান যে, ০৪ নং ওয়র্ডের কয়েকটি স্থানে রাস্তা ভেঙ্গে চলাচলের অনুপযোগী হয়ে পড়ারায় সেখানে মাটি ভরাট করে মেরামত করা প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নোক্ত প্রকল্পসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১। মোহনপুর নয়াহাটি বাদশা মিয়ার বাড়ীর সামনা হতে সুলতানের বাড়ীর সামনা পযন্ত ভাঙ্গায় মাটি ভরাট ২০০০০। | প্রকল্পসমূহ বাস্তবায়নের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ইউপি সদস্য, মোহনপুর ইউপি। |

| | | | |
|---|---|---|---|
| | ২। মোহনপুর নয়াহাটি আশ্রাফের বাড়ীর সামনা হতে কালনের বাড়ীর সামনা পযন্ত মাটি ভরাট ১২০০০। | | |
| ৪ | সভাপতি জানান যে, ২০১৯-২০২০ অর্থ বছরের ১ম পর্যায়ের কর্মসৃজন কর্মসূচীর, টিআর ও কাবিখা কাজ বাস্তবায়ন হেয়েছে এবং ২য় পর্যায়ের কাজ বাস্তবায়ন করাও জরুরী। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নিম্নলিখিত প্রকল্পগুলো সর্বসম্মতিতে গৃহীত হয়।<br>কর্মসৃজন কর্মসূচী:<br>১। নুরুল্লা আ: আলীমের বাড়ীর সামনা হতে ব্রীজ পর্যন্ত রাস্তা নির্মাণ। (২ নং ওয়ার্ড)<br>২। মোহনপুর নয়াহাটি আরজদ আলীর বাড়ী হতে সুলতানের বাড়ীর সামনা পর্যন্ত মাটি ভরাট। (ওয়ার্ড নং: ০৪)<br>৩। রহমতপুর আছিয়া খাতুনের বাড়ীর সামনা হতে গাজীর দরগা পর্যন্ত মাটি ভরাট। (ওয়ার্ড নং ০৯)<br>৪। রাশনগর শফিকের বাড়ীর সামনা হতে জয়নুল্লার বাড়ী হয়ে মুড়ারবন্দ প্রা: বিদ্যালয়ের সামনা পর্যন্ত মাটি ভরাট। (ওয়ার্ড নং০৯)<br>৫। ভৈষবেড় আ: হক মাস্টার সাহেবের বাড়ীর সামনা হতে নুরুল ইসলামের বাড়ীর সামনা পর্যন্ত মাটি ভরাট।(ওয়ার্ড নং ০১)<br>টি আর:<br>১। নুরুল্লা নতুন মসজিদ উন্নয়ন। ১.০০০ মে: টন (২ নং ওয়ার্ড)<br>২। ভৈষবেড় গ্রামের রকিব মিয়ার বাড়ীর সামনের রাস্তা মেরামত। ১.০০০ মে: টন (১ নং ওয়ার্ড)<br>কাবিখা:<br>১। নতুন পৈন্দা এরশাদ আলীর বাড়ীর সামনা হতে রুশন আলীর বাড়ী পর্যন্ত মাটি ভরাট।(ওয়ার্ড নং: ০৩) | সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং প্রকল্পসমূহ বাস্তবায়ন করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৫ | বিবিধ আলোচনায় সভাপতি বলেন-জানুয়ারী/২০২০ মাসে এ পর্যন্ত মোট ট্যাক্স ৫৯৫/- টাকা ও ট্রেড লাইসেন্স প্রদান বাবদ মোট ২২৭০/- টাকা আদায় হয়েছে এবং অফিস পরিচালনায় স্টেশনারী সামগ্রী ক্রয়, আনুষঙ্গিক ও আপ্যায়নে মোট ২৬৭০/= টাকা ব্যয় করা হয়েছে। আলোচনাক্রমে তা সর্বসম্মতভাবে গৃহীত ও অনুমোদীত হয়। | চলতি মাসের আয় ও ব্যয় সর্বসম্মতিতে গৃহীতও অনুমোদীত হয়। | সকল সদস্য, মোহনপুর ইউনিয়ন পরিষদ, |

অত:পর সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি আবারও সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: নুরুল হক)
চেয়ারম্যান
মোহনপুর ইউনিয়ন পরিষদ
সুনামগঞ্জ সদর।

মোঃ নরুল হক
চেয়ারম্যান
মোহনপুর ইউনিয়ন পরিষদ
জেলা ও উপজেলা সুনামগঞ্জ।

স্মারক নং: /২০২০

তারিখঃ ১২/০২/২০২০ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ
১। উপজেলা নির্বাহী অফিসার, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

(মো: নুরুল হক)
চেয়ারম্যান
মোহনপুর ইউনিয়ন পরিষদ
সুনামগঞ্জ সদর।

চেয়ারম্যান
মোহনপুর ইউনিয়ন পরিষদ
জেলা ও উপজেলা সুনামগঞ্জ।